

মোঃ গোলাম সারওয়ার
সচিব, আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
ও
কমিশনের সদস্য



জনাব মোঃ গোলাম সারওয়ার ২১.১১.১৯৬৫ খ্রিষ্টাব্দ তারিখ ব্রাহ্মণবাড়িয়া জেলার কসবা উপজেলার তালতলা গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা মরহুম মোঃ নুরুল হক এবং মাতা মরহুমা রাফিয়া বেগম। স্কুল ও কলেজের শিক্ষা সফলভাবে সম্পন্ন করার পর তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে আইন বিভাগে ভর্তি হন। তিনি কৃতিত্বপূর্ণ ফলাফলসহ ১৯৮৭ খ্রিষ্টাব্দে এলএল.বি (সম্মান) এবং ১৯৮৮ খ্রিষ্টাব্দে এলএল.এম ডিগ্রি অর্জন করেন।

বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত প্রতিযোগিতামূলক ১০ম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ হয়ে জনাব সারওয়ার ১৯৯১ খ্রিষ্টাব্দে বাংলাদেশ সিভিল সার্ভিস (জুডিসিয়াল) ক্যাডারে (বর্তমানে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস) যোগদান করেন। ১১ ডিসেম্বর, ১৯৯১ হতে ৩০ জুন, ১৯৯৩ খ্রিষ্টাব্দ পর্যন্ত তিনি ঢাকা জেলা ও দায়রা জজ আদালতে শিক্ষানবিশ সহকারী জজ হিসাবে দায়িত্ব পালন করেন এবং দেওয়ানী ও ফৌজদারী মামলার বিচারপ্রক্রিয়া এবং আদালত ব্যবস্থাপনা সম্পর্কে জ্ঞানার্জন করেন। তিনি জুলাই, ১৯৯৩ থেকে মে, ১৯৯৭ খ্রিষ্টাব্দ পর্যন্ত চট্টগ্রামে এবং জুন, ১৯৯৭ হতে মে, ২০০১ খ্রিষ্টাব্দ পর্যন্ত ঢাকায় সহকারী জজ হিসাবে দায়িত্ব পালন করেন। তিনি ১৯৯৮ খ্রিষ্টাব্দে সিনিয়র সহকারী জজ ও ২০০৩ খ্রিষ্টাব্দে যুগ্ম জেলা ও দায়রা জজ পদে পদোন্নতি লাভ করেন। জনাব সারওয়ার লিগ্যাল এড জুডিসিয়াল ক্যাপাসিটি বিল্ডিং প্রকল্পে উপ-প্রকল্প পরিচালক হিসাবে প্রেষণে কর্মরত থাকাকালে প্রশাসন পরিচালনার পাশাপাশি মামলা ব্যবস্থাপনা ও আদালত প্রশাসনের বিষয়ে গবেষণাকর্মের সঙ্গে যুক্ত হন। তিনি ২০০৭ খ্রিষ্টাব্দে অতিরিক্ত জেলা ও দায়রা জজ পদে পদোন্নতি লাভ করেন। তিনি বাংলাদেশ সুপ্রীম কোর্টে ডেপুটি রেজিস্ট্রার পদে ২০০৭ থেকে ২০১০ খ্রিষ্টাব্দ পর্যন্ত প্রেষণে নিয়োজিত ছিলেন। পরবর্তীতে জনাব সারওয়ার ২০১০ থেকে ২০১৩ খ্রিষ্টাব্দ পর্যন্ত চট্টগ্রামে অতিরিক্ত মহানগর দায়রা জজ এবং ২০১৩ থেকে ২০১৫ খ্রিষ্টাব্দ পর্যন্ত কিশোরগঞ্জে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট হিসাবে সফলতার সাথে দায়িত্ব পালন করেন।

জনাব মোঃ গোলাম সারওয়ার বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সর্বোচ্চ পদ জেলা ও দায়রা জজ পদে ২০১৫ খ্রিষ্টাব্দে পদোন্নতি লাভ করে ঢাকায় নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে বিচারক হিসাবে দায়িত্বে নিয়োজিত ছিলেন। তিনি ২০১৫ খ্রিষ্টাব্দের ডিসেম্বর থেকে ২০১৯ খ্রিষ্টাব্দের ৬ আগস্ট তারিখ পর্যন্ত আইন ও বিচার বিভাগে যুগ্মসচিব (বাজেট ও উন্নয়ন) পদে কর্মরত ছিলেন। ২০১৯ খ্রিষ্টাব্দের ৭ আগস্ট তিনি আইন ও বিচার বিভাগের সচিব হিসাবে দায়িত্বপ্রাপ্ত হন।

জনাব মোঃ গোলাম সারওয়ার মামলা ব্যবস্থাপনা ও আদালত প্রশাসন বিষয়ে দেশে ও বিদেশে বিভিন্ন সেমিনার, কনফারেন্স এবং কর্মশালায় অংশগ্রহণ করেন। তিনি বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (BPATC) কর্তৃক আয়োজিত ১০ম ফাউন্ডেশন ট্রেনিং কোর্সে অংশগ্রহণ করে সম্মিলিত মেধা তালিকায় ৩য় স্থান অর্জন করেন। তিনি বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট কর্তৃক আয়োজিত ৩৮তম বিচার প্রশাসন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করে কৃতিত্বের সাথে প্রথম স্থান অর্জন করেন। জনাব সারওয়ার ২০০৭ খ্রিষ্টাব্দের ২৩-২৬ সেপ্টেম্বর ফিলিপাইনের ম্যানিলায়

অনুষ্ঠিত ISPCAN 7th Asian Regional সম্মেলনে অংশগ্রহণ করেন। তিনি ২০১৭ খ্রিষ্টাব্দে অস্ট্রেলিয়ার ওয়েস্টার্ন সিডনী বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত ২ সপ্তাহের সংক্ষিপ্ত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেন। এছাড়াও তিনি সাইবার অপরাধ ও সন্ত্রাস দমন বিষয়ে ম্যাকাও, চীনে ১৫ দিনের এক কর্মশালায় অংশগ্রহণ করেছেন।

এতদ্ব্যতীত, তিনি বিভিন্ন আন্তর্জাতিক সভা ও কর্মশালায় অংশগ্রহণের উদ্দেশ্যে নরওয়ে, আয়ারল্যান্ড, মালয়েশিয়া, শ্রীলংকা, ইন্দোনেশিয়া, সিঙ্গাপুর, রাশিয়া ও যুক্তরাষ্ট্র ভ্রমণ করেছেন।

পদাধিকারবলে তিনি বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশনের সদস্য। তিনি বর্তমানে চলচ্চিত্র সেন্সর বোর্ডের সদস্য হিসাবেও দায়িত্ব পালন করছেন।

জনাব মোঃ গোলাম সারওয়ারের সহধর্মিণী বেগম ফিরোজা খানম। তিনি এক কন্যা ও এক পুত্র সন্তানের জনক।

বর্তমানে জনাব মোঃ গোলাম সারওয়ার আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সচিব হিসাবে দায়িত্ব পালন করছেন।